



বোরহানউদ্দিন (ভোলা) : গঙ্গাপুর আলম বাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে খোলা জায়গায় পাঠদান চলছে

—ইত্তেফাক

বোরহানউদ্দিনে নেই স্কুল ভবন!

খোলা জায়গায় চলছে পাঠদান!

■ বোরহানউদ্দিন (ভোলা) সংবাদদাতা

বোরহানউদ্দিন উপজেলার গঙ্গাপুর আলম বাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে খোলা জায়গায় নানা বিড়ম্বনার মধ্যে নামমাত্র পাঠদান চলছে। উপজেলার পক্ষিয়া ইউনিয়নের ৮নং ওয়ার্ডে স্কুলটি অবস্থিত। দরজা, জানালা ও বেড়া না থাকায় ছুটির পর প্রতিদিন চেয়ার টেবিল অন্য বাড়ির কাচারি ঘরে রাখতে হয়। খেপির সঙ্গে লাগোয়া এলজিইডির সড়ক দিয়ে যানবাহন চলাহে প্রতিনিয়ত। স্কুলে প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থী সংখ্যা প্রায় ২শ।

একটি বৃষ্টি হলে পার্শ্ববর্তী বাড়ির কাচারি ঘরে আশ্রয় নিতে বাধ্য হন শিক্ষক ও শিক্ষার্থীরা। পাঠদানের বিকল্প ব্যবস্থা না করে চলতি বছরের শুরুতে ১৯৯২-৯৩

অর্থবছরে নির্মিত স্কুলের পাকা ভবনটি ঝুঁকিপূর্ণ চিহ্নিত করে নিলামের মাধ্যমে বিক্রি করে দেয় সংশ্লিষ্ট দপ্তর। স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সুখরঞ্জন দে জানান, বর্তমান বাঁশ ও টিনের কাঠামো ম্যানেজিং কমিটি ও শিক্ষকদের টাকায় করা। পাঠদান বাধাগ্রস্ত হচ্ছে। কিন্তু আমরা নিরুপায়। তবে সংশ্লিষ্ট দপ্তর নজর দিলে একটু ভালো পরিবেশ পাওয়া সম্ভব। প্রাথমিক শিক্ষা অফিসার কেএম তোফাজ্জল হোসেন জানান, সমস্যা নিরসনে অবিলম্বে উদ্যোগ নেয়া হচ্ছে। স্কুল নির্মাণের প্রস্তাবনার তালিকা পাঠানো হয়েছে। তবে কবেনাগাদ তা বাস্তবায়িত হবে তা বলা যাচ্ছে না। উল্লেখ্য, উপজেলার গঙ্গাপুর ইউনিয়ন থেকে স্কুলটি নদী তটবর্তনের ফলে ১৯৮৮ সালে বর্তমান স্থানে স্থানান্তর করা হয়।